**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 22-04-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, গুণগত শিক্ষা প্রদানের লক্ষ্যে শিক্ষণ পদ্ধতি আধুনিকীকরণের উপর কেন্দ্রীয় এবং রাজ্য সরকার বিশেষ গুরুত্ব দিচ্ছে।**

**(২) সাংসদ বিপ্লব কুমার দেব রাজ্যে রেল যোগাযোগ ক্ষেত্রে পরিকাঠামো উন্নয়ন, অত্যাধুনিকীকরনের বিষয়ে কেন্দ্রীয় রেল মন্ত্রী অশ্বিনী বৈষ্ণোর সঙ্গে আলোচনা করেন ।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দু'দিনের সৌদি আরব সফরে আজ জেড্ডায় পৌঁছেছেন।**

**(৪) সন্তোষ ট্রফি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ক্রিকেট প্রতিযোগিতার আজ তিনটি খেলা অনুষ্ঠিত হয় ।**

*********************************************

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, গুণগত শিক্ষা প্রদানের লক্ষ্যে শিক্ষণ পদ্ধতি আধুনিকীকরণের উপর কেন্দ্রীয় এবং রাজ্য সরকার বিশেষ গুরুত্ব দিচ্ছে। আজ পশ্চিম ত্রিপুরা জেলার আমতলি উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের নতুন ভবনের উদ্বোধনী অনুষ্ঠানে তিনি একথা বলেন। এই অনুষ্ঠান থেকেই মুখ্যমন্ত্রী আরো ৫টি বিদ্যালয়ের নতুন ভবনের ভার্চুয়ালি উদ্বোধন করেন। মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যের বিভিন্ন বিদ্যালয়ের পরিকাঠামো উন্নয়নের লক্ষ্যে গত অর্থবছরে ২০২৪–২৫ অর্থবর্ষে প্রায় ১৫৩ কোটি টাকা ব্যয়ে ৪৪টি বিদ্যালয়ের নতুন ভবন নির্মাণ করা হয়েছে।

#######Byte-CM#######

চলতি অর্থবছরে আমবাসা, কাকড়াবন এবং করবুকে নতুন তিনটি ডিগ্রি কলেজ স্থাপনের এবং রাজ্যে আরো ৩০টি বিদ্যালয়ে নতুন ভবন নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন রাজ্য বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল, শিক্ষা দপ্তরের বিশেষ সচিব রাভাল হেমেন্দ্র কুমার, বিদ্যালয় শিক্ষা দপ্তরের অধিকর্তা এন সি শর্মা, ডুকলি পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান ভুলন সাহা।

উল্লেখ্য মুখ্যমন্ত্রী আজ ভার্চুয়ালি হেনরি ডিরোজিও একাডেমী, গান্ধীগ্রাম উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, তালতলা উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, ইন্দ্রনগর উচ্চ মাধ্যমিক বিদ্যালয় এবং নন্দননগর উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের নতুন ভবনের উদ্বোধন করেন।

****************************

**World Earth Day :**

আজ বসুন্ধরা দিবস। পরিবেশ রক্ষার অঙ্গীকার নিয়ে বিশ্ব জুড়ে দিনটি পালিত হচ্ছে। এ বছরের থিম “Our Power, Our Planet”, অর্থাৎ আমাদের গ্রহ, আমাদের শক্তি। দিনটি পালনের অঙ্গ হিসেবে বিভিন্ন জায়গায় বৃক্ষ রোপণ সহ পরিবেশ বান্ধব বিভিন্ন কর্মসূচী গ্রহন করা হয়েছে। উল্লেখ্য, ১৯৬৯ সালে ইউনেস্কোর সম্মেলনে, পরিবেশ সুরক্ষিত রেখে পৃথিবীকে বাঁচানোর লক্ষ্যে দিনটি পালনের সুপারিশ করা হয়। ১৯৭০ সালে প্রথম বসুন্ধরা দিবস উদযাপিত হয়।

সাব্রুমের পি এম শ্রী দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের ছাত্রছাত্রীরাও আজ অভিনব উপায়ে বসুন্ধরা দিবস উদযাপন করে।

সাব্রুম মাইকেল মধুসূদন দত্ত কলেজের জাতীয় সেবা প্রকল্পের উদ্যোগে আজ জলেফা এইচ এস স্কুলে বসুন্ধরা দিবস উদযাপন করা হয়। পৌরহিত্য করেন স্কুলের প্রধান শিক্ষক টিংকু রঞ্জন দাস। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাব্রুম কলেজের অধ্যক্ষ ড. অনুপম গুহ।

******************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৭শে এপ্রিল, রবিবার আকাশবাণীতে 'মন কি বাত' অনুষ্ঠানের ১২১তম পর্বে দেশ ও বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন। জনগণ এই অনুষ্ঠানের জন্য তাদের মতামত এবং পরামর্শ ১৮০০-১১-৭৮০০ টোল-ফ্রি নম্বরের মাধ্যমে পাঠাতে পারবেন। নরেন্দ্র মোদী অ্যাপ অথবা মাইগভ ওপেন ফোরামের মাধ্যমেও মতামত জানানো যাবে। এই পরামর্শ এমাসের ২৫ তারিখ পর্যন্ত গ্রহণ করা হবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

******************************

**Pope Francis :**

পোপ ফ্রান্সিস এর প্রয়াণে দেশে তিন দিনের রাষ্ট্রীয় শোক পালন করা হচ্ছে। কেন্দ্রীয় সরকার জানিয়েছে, আগামীকাল পর্যন্ত রাষ্ট্রীয় শোক পালন করা হবে। দেশের সর্বত্র জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে। সব রকমের সরকারী বিনোদন মূলক অনুষ্ঠান ও বাতিল করা হয়েছে। তাছাড়া পোপের শেষকৃত্যের দিন ও রাষ্ট্রীয় শোক পালন করা হবে।

******************************

**Biplab Kumar Deb :**

সাংসদ বিপ্লব কুমার দেব আজ নতুন দিল্লিতে রাজ্যের রেল যোগাযোগ ক্ষেত্রে পরিকাঠামো উন্নয়ন, অত্যাধুনিকীকরণ, ডাবল লেন এবং রেল লাইন বাড়ানো সহ বিভিন্ন বিষয়ে কেন্দ্রীয় রেল মন্ত্রী অশ্বিনী বৈষ্ণোর সঙ্গে আলোচনা করেন। আলোচনাকালে লামডিং-সাব্রুম, আগরতলা-সাব্রুম ডবল লেন, গৌহাটি পর্যন্ত বন্দে ভারত ট্রেন, আগরতলা-জম্মু, আগরতলা-পুরী, আগরতলা-গয়া এক্সপ্রেস চালু করা, অমৃত ভারতের অধীন আগরতলা, ধর্মনগর, কুমারঘাট ও উদয়পুর স্টেশনের আধুনিকীকরণ, বাধারঘাট

স্টেশনকে বিশ্বমানের করে তোলা, জিরানীয়া ইয়ার্ড এর উন্নতিকরণ সহ আরও নতুন রেল পরিষেবা যুক্ত করার বিষয়ে তাঁদের মধ্যে কথা হয়। শ্রী দেব জানান কেন্দ্রীয় রেলমন্ত্রী দাবিগুলির গুরুত্ব অনুভব করে, অগ্রাধিকারের ভিত্তিতে যথার্থ ব্যবস্থা গ্রহনের আশ্বাস দিয়েছেন।

**************************

**Congress Meeting :**

প্রদেশ কংগ্রেস সভাপতি আশিস কুমার সাহা আজ আগরতলায় সাংবাদিকদের জানিয়েছেন, "সংবিধান বাঁচাও অভিযান" সারা দেশের সঙ্গে রাজ্যের সবকটি জেলা ও ব্লক স্তরে আয়োজন করা হবে। দেড় মাস ব্যাপী এই কর্মসূচির পাশাপাশি আগামী এক বছর ব্যাপী ঘর ঘর অভিযান কর্মসূচিও গ্রহণ করা হয়েছে। আজ এক বৈঠকে এই কর্মসূচিগুলি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। বৈঠকে উপস্থিত ছিলেন বিধায়ক সুদীপ রায় বর্মন সহ অন্যান্য নেতৃবৃন্দ।

*****************************

**Seminer-CPIM :**

সিপিআইএমের পক্ষ থেকে আজ আগরতলা টাউন হলে ভিআই লেনিনের ১৫৬ তম জন্মবার্ষিকী উপলক্ষে এক আলোচনাচক্র অনুষ্ঠিত হয়। আলোচনাচক্রে প্রধান বক্তা হিসেবে বিরোধী দলনেতা তথা পলিটব্যুরো সদস্য জিতেন্দ্র চৌধুরী লেনিনের জীবন দর্শন এবং রাশিয়ার সমাজতান্ত্রিক বিপ্লবের প্রেক্ষাপট তুলে ধরেন। অনুষ্ঠানে প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার দেশের এবং রাজ্যের বর্তমান পরিস্থিতি তুলে ধরে মানুষের অর্জিত অধিকার রক্ষার জন্য এগিয়ে আসার আহ্বান জানান।

আগরতলার মেলারমাঠস্থিত সিপিআইএম সদর দপ্তরে আজ ভি আই লেনিনের ১৫৬তম জন্মদিন উদযাপন করা হয়। উপস্থিত ছিলেন সিপিআইএম রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী সহ অন্যান্য নেতৃবৃন্দ।

আগরতলায় সিপিআই রাজ্য দপ্তর জুনু দাস ভবনে এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিপিআই রাজ্য সম্পাদক ডাঃ যুধিষ্টির দাস, সহ-সম্পাদক মিলন বৈদ্য, সিপিআই নেত্রী তুলসী দাস কপালি, জয়া বিশ্বাস প্রমুখ।

*****************************

**Water Cooler :**

ঊনকোটি জিলা পরিষদের অর্থানুকুল্যে জেলার পাঁচটি দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের সুবিধার জন্য "ওয়াটার কুলার" এর ব্যবস্থা করে দেওয়া হচ্ছে। জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ একথা জানান।

************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*******************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দু'দিনের সৌদি আরব সফরে আজ জেড্ডায় পৌঁছেছেন। সেখানে প্রবাসী ভারতীয়রা প্রধানমন্ত্রী মোদীকে স্বাগত জানান।

জেড্ডাতে প্রধানমন্ত্রী মোদীকে ২১টি তোপধ্বনির মাধ্যমে স্বাগত জানানো হয়।

****************************

**Kendrio Vidyaloy–Udaipur :**

অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় জানিয়েছেন, আগামী মে মাস থেকে উদয়পুরের কেন্দ্রীয় বিদ্যালয়ে ভর্তি প্রক্রিয়া শুরু হবে। পঠন–পাঠন শুরু হবে জুন মাসের ২০ তারিখ থেকে।

*****************************

**UPSC Civil Services Examination 2024 :**

ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন সিভিল সার্ভিস পরীক্ষার ২০২৪ এর ফলাফল আজ ঘোষণা করা হয়েছে। এই পরীক্ষায় মেয়েদেরই জয়জয়কার। নির্বাচিত মোট ১০০৯ জন প্রার্থীর মধ্যে ৩৩৫ জন সাধারণ শ্রেণীর, ১০৯ জন অর্থনৈতিকভাবে দুর্বল শ্রেণীর, ৩১৮ জন অন্যান্য অনগ্রসর শ্রেণীর, ১৬০ জন তফসিলি জাতি এবং ৮৭ জন তফসিলি উপজাতি সম্প্রদায়ভুক্ত।

****************************

**Poshan Pakhwada 2025 :**

উদ্ভাবনী সামাজিক সংস্থার উদ্যোগে আজ উত্তর ত্রিপুরা জেলার পানিসাগরে জলাবাসা গ্রাম পঞ্চায়েতে উত্তর জলাবাসা অঙ্গনওয়াড়ি কেন্দ্রে সপ্তম পোষন পাখোওয়াড়া ২০২৫ আয়োজন করা হয়। পোষন পাখোওয়াড়া ২০২৫–এর মূল উদ্দেশ্য হল শিশুদের ও গর্ভবতী মহিলাদের পুষ্টির গুরুত্ব সম্পর্কে সচেতনতা বৃদ্ধি এবং তাদের মধ্যে পুষ্টিকর খাদ্য সরবরাহ নিশ্চিত করা। বাচ্চাদের সঠিক স্বাস্থ্য এবং গর্ভবতী মায়েদের সুস্থ রাখা সঠিক সময়ে সঠিক টিকাকরণ সহ প্রয়োজনীয় ভিটামিন এবং খাদ্য গ্রহণ করা যাতে ভবিষ্যতে মা এবং বাচ্চা দু'জনেই সুস্থ থাকতে পাবেন। অনুষ্ঠানে অঙ্গনওয়াড়ি কেন্দ্রের অন্তর্গত শিশু ছাত্র ও অভিভাবকদের নিয়ে একটি সচেতনতা মূলক অনুষ্ঠান ও পুষ্টিকর খাবার বিতরণ করা হয়। উপস্থিত

ছিলেন উত্তর জলাবাসা অঙ্গনওয়াড়ি কেন্দ্রের পরিচালিকা অনুশ্রী দেবনাথ, উদ্ভাবনী সামাজিক সংস্থার সভাপতি প্রীতম মালাকার।

****************************

**Detain of 5 tout :**

আগরতলা জিআরপি থানার পুলিশ আজ মানব পাচারের সঙ্গে যুক্ত পাঁচজনকে গ্রেপ্তার করেছে। ওসি তাপস দাস জানিয়েছেন, লংকামুড়া, শর্মালুঙ্গা এবং শানমুড়া এলাকা থেকে তাদের গ্রেপ্তার করা হয়েছে।

*************************

**First Division :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত সন্তোষ ট্রফি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ক্রিকেট প্রতিযোগিতার আজ তিনটি খেলা অনুষ্ঠিত হয়। নরসিংগড়ের টিআইটি মাঠে শতদল সংঘ ১৮১ রানে বনমালীপুর ক্রিকেট ক্লাবকে, মেলাঘরের মাঠে পোলস্টার ক্লাব ৮ উইকেটে চলমান সংঘকে এবং নরসিংগড়ের পিটিএ মাঠে ওল্ড প্লে সেন্টার ৭ উইকেটে ইউনাইটেড বি এস টি'কে পরাজিত করে।

******************************

**Mani Shankar Reception :**

ত্রিপুরা স্পোর্টস জার্নালিস্টস ক্লাবের পক্ষ থেকে আজ এক অনুষ্ঠানের মধ্য দিয়ে রাজ্যের তারকা অলরাউন্ডার তথা রাজ্য রঞ্জি দলের সহ-অধিনায়ক মণিশংকর মুড়াসিংকে ২০২৩-২৪ মরশুমে বর্ষসেরা ক্রিকেটার হিসেবে সংবর্ধনা জ্ঞাপন করা হয়। আগরতলা প্রেস ক্লাবে এই অনুষ্ঠানে মণিশংকরের হাতে স্মারক উত্তরীয় ও পুষ্পস্তবক তুলে দেয়া হয়। অনুষ্ঠানে ত্রিপুরা স্পোর্টস জার্নালিস্ট ক্লাবের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

*****************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের উত্তর, ঊনকোটি এবং ধলাই জেলায় বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুৎ সহ ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর। বাকি সব জেলায় ও বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ হালকা বৃষ্টিপাতের সতর্কতা করা হয়েছে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪ দশমিক ছয় ডিগ্রি সেলসিয়াস।

*******************************